



কৃষিই সমৃদ্ধি
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫



নং-১২.২০.০০০০.০২০.১১.০১৩.২২'৪৩

তারিখ: ০৪/০১/২০২৩ খ্রিঃ।

স্মারকলিপি

জনাব মোঃ হাসান চৌধুরী (MD. HASAN CHOWDHURY, Roll: 1500166), পিতাঃ মোঃ আবুল হোসেন চৌধুরী (MD. ABUL HOSEN CHOWDHURY) এর আবেদন, কাউন্সিল নিয়োগ/পদোন্নতি কমিটি-৩ এর গত ১২/১২/২০২২ তারিখের সভার সুপারিশ ও নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন এবং পরবর্তী নির্বাহী পরিষদের সভায় অনুমোদন সাপেক্ষে ভূতাপেক্ষভাবে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর টাকা ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) ও অন্যান্য ভাতাদিসহ তাঁকে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে ওয়ার্ড প্রসেসিং সহকারী পদে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো।

শর্তাবলী

- ১) তাঁর এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী।
- ২) নিয়োগের প্রথম ২ (দুই) বছর শিক্ষানবিশি কাল হিসেবে গণ্য করা হবে। এ সময় তাঁর কাজ সন্তোষজনক না হলে শিক্ষানবিশি কাল বর্ধিতকরণ অথবা তাঁকে চাকরি হতে অপসারণ করা হবে। সন্তোষজনকভাবে শিক্ষানবিশি কাল সমাপ্ত হবার পর চাকরি স্থায়ী করা হবে।
- ৩) কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই ১ (এক) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা নোটিশের পরিবর্তে ১ (এক) মাসের বেতন প্রদান করে তাঁর শিক্ষানবিশি কালের অবসান ঘটাতে পারবেন এবং এরূপ চাকরির অবসানের কারণে তিনি কোন প্রকার ক্ষতিপূরণ পাবেন না। শিক্ষানবিশি থাকাকালে তিনি ১ (এক) মাসের পূর্ব নোটিশ অথবা ১ মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে কাউন্সিলকে প্রদান করে চাকরি হতে ইস্তফা দিতে পারবেন।
- ৪) চাকুরিতে যোগদানপত্র দাখিলের সময় তাঁকে-
 - (ক) সিভিল সার্জনের নিকট হতে তাঁর শারীরিক উপযুক্ততার প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
 - (খ) সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডোপ টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে।
 - (গ) ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং একজন ৯ম অথবা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।
 - (ঘ) জাতীয় পরিচয়পত্র/স্মার্টকার্ড এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
 - (ঙ) পূর্বতন অফিসের চাকরির ছাড়পত্র দাখিল করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
 - (চ) পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের ফরম যোগদানের ৭ (সাত) দিনের মধ্যে দাখিল করতে হবে।
- ৫) তাঁর চরিত্র ও পূর্ব কার্যকলাপ পুলিশ দ্বারা তদন্ত করা হবে এবং সন্তোষজনক না হলে চাকরি হতে বরখাস্ত করা হবে।
- ৬) চাকুরি স্থায়ীকরণের পরবর্তী সময়ে তিনি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট অভিপ্রায় উল্লেখ পূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে তাঁর চাকরি ত্যাগ করতে বা চাকরি হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে তিনি কাউন্সিলকে তাঁর ৩ (তিন) মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। অপরদিকে কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকেই ৩ (তিন) মাসের নোটিশ দিয়ে অথবা ৩ (তিন) মাসের মূল বেতনের সমপরিমাণ নগদ অর্থ পরিশোধ করে তাঁর চাকরির অবসান ঘটাতে পারবে।
- ৭) কাউন্সিলে তাঁর চাকরি সংক্রান্ত অন্যান্য সকল বিষয় বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের কর্মচারী চাকরি প্রবিধানমালা ২০১৯ অনুসারে পরিচালিত হবে।

পূর্ব পৃষ্ঠার শর্তে আপনি মোঃ হাসান চৌধুরী (MD. HASAN CHOWDHURY, Roll: 1500166), যদি সম্মত থাকেন তবে আপনাকে শর্তাবলীর ৪ নং ধারায় বর্ণিত সকল কাগজপত্রসহ আগামী ১১/০১/২০২৩ হতে ১৮/০১/২০২৩ তারিখের মধ্যে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান বরাবরে যোগদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।


 (মোঃ আব্দুল মোতাকিন)
 পরিচালক (সাপোর্ট সার্ভিস)
 বিএআরসি, ঢাকা।

প্রতি

Present Address:

MD. HASAN CHOWDHURY

Village: Kalicharan Saha Road

P.S./Upazila: Sutrapur

Post: Gandaria

Post Code: 1204

District: Dhaka.

Permanent Address:

MD. HASAN CHOWDHURY

C/o. MD. ABUL HOSEN CHOWDHURY

Village: Bakchar

P.S./Upazila: Matlab Dakshin

Post: Pitambordi Bazar

Post Code: 3517

District: Chandpur

অনুলিপিঃ

- ১। সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি, ঢাকা।
- ২। পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বিএআরসি, ঢাকা।
- ৩। উপ-পরিচালক (সংস্থাপন), বিএআরসি, ঢাকা।
- ৪। নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএআরসি, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট নথি।
- ৬। ব্যক্তিগত নথি।